

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০১৫

৬. কুরবানী অধ্যায় (كتاب الأضاحي)

পরিচ্ছেদঃ ১৫. কোন চতুষ্পদ জন্তু পালিয়ে গেলে

بَابِ فِي الْبَهِيمَةِ إِذَا نَدَّتْ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ عَنْ سُفْيَانَ عَنْ أَبِيهِ عَنْ عَبَايَةَ بْنِ رِفَاعَةَ بْنِ رَافِعٍ عَنْ جَدِّهِ رَافِعٍ عَنْ جَدِّهِ رَافِعٍ عَنْ جَدِيجٍ أَنَّ بَعِيرًا نَدَّ وَلَيْسَ فِي الْقَوْمِ إِلَّا خَيْلٌ يَسِيرَةٌ فَرَمَاهُ رَجُلٌ بِسَهْمٍ فَحَبَسَهُ فَعَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ لِهَذِهِ الْبَهَائِمِ أُوَابِدَ كَأُوابِدِ الْوَحْشِ فَمَا غَلَبْكُمْ مِنْهَا فَاصِنْنَعُوا بِهِ هَكَذَا

বাংলা

২০১৫. রাফি' ইবনু খাদীজ রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত। তিনি বলেনঃ এক সময় একটি উট পালিয়ে গেল। দলে অশ্বের সংখ্যা ছিল খুব কম (যাতে আরোহন করে তারা উটিট ধরতে পারে)। অবশেষে একটি লোক উটিটির প্রতি তীর ছুঁড়ে উটিটিকে থামিয়ে দিলেন। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ এ সকল চতুষ্পদ প্রাণীর মধ্যে বন্য জন্তুর মত পালিয়ে যাবার স্বভাব আছে। কাজেই যখন কোন প্রাণী তোমাদেরকে পরাভূত করবে (তোমাদের থেকে পালিয়ে যাবে), তখন তার সঙ্গে তোমরা এমন আচরণ করবে।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী ও মুসিলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: বুখারী, শিরকাহ, ২৪৮৮, (যাবাইহ ওয়াস সাইদ ৫৪৯৮); মুসলিম, আযাহী ১৯৬৮;

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল হুমাইদী নং ৪১৪, ৪১৫; সহীহ ইবনু হিব্বান নং ৫৮৮৬ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ রাফি ইবনু খাদীজ (রাঃ)



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=82298}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন